

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
পাওয়ার সেল
বিদ্যুৎ ভবন (১৪ তলা)
১, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০



নং-২৭.৭১.০০০০.০০২.০১.০৬৭.২১.০১

তারিখ: ০৩/০১/২০২১।

বিজ্ঞপ্তি

বিদ্যুৎ বিভাগের আওতাধীন পাওয়ার সেল কর্তৃক বাস্তবায়নাধীন “টিএ ফর স্টেইনলেস এন্ড ডেভেলপমেন্ট ফর সাসটেইনেবল পাওয়ার সেক্টর ইন বাংলাদেশ” শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের আওতায় সাকুল্য বেতনে চুক্তিভিত্তিক নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্র.নং	পদের নাম	পদের সংখ্যা	প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	কম্পিউটার অপারেটর (বেতন গ্রেড-১৪)	৩ (তিন)	স্নাতক ডিগ্রীসহ ন্যূনতম ৫ (পাঁচ) বছরের পেশাগত অভিজ্ঞতা। প্রার্থীকে ইংরেজীতে পারদর্শী এবং মাইক্রো কম্পিউটার ভিত্তিক অ্যাপ্লিকেশন সফটওয়্যার, ই-মেইল/ইন্টারনেট ইত্যাদি ব্যবহারে দক্ষ এবং প্রতি মিনিটে ন্যূনতম ৪০ শব্দ মুদ্রণে সক্ষম হতে হবে।
২।	ডাটা এন্ট্রি অপারেটর (বেতন গ্রেড-১৪)	২ (দুই)	স্নাতক পাশসহ ন্যূনতম ৫ (পাঁচ) বছরের পেশাগত অভিজ্ঞতা। প্রার্থীকে ইংরেজীতে পারদর্শী, মাইক্রো কম্পিউটার ভিত্তিক অ্যাপ্লিকেশন সফটওয়্যার (ওয়ার্ড প্রসেসিং, পাওয়ার পয়েন্ট, স্প্রেডশীট ও ডাটাবেজ ইত্যাদি) ব্যবহারে দক্ষ এবং প্রতি মিনিটে ন্যূনতম ৪০টি শব্দ মুদ্রণে সক্ষম হতে হবে।
৩।	হিসাব সহকারী (বেতন গ্রেড-১৬)	১ (এক)	হিসাব বিজ্ঞান/অর্থনীতি/ফিন্যান্স/ব্যবসা প্রশাসনে স্নাতক ডিগ্রীসহ ন্যূনতম ৩ (তিন) বছরের পেশাগত অভিজ্ঞতা। প্রার্থীকে অবশ্যই বার্ষিক বাজেট, আর্থিক প্রতিবেদন প্রস্তুতসহ ইংরেজীতে পারদর্শী হতে হবে। মাইক্রো কম্পিউটার ভিত্তিক অ্যাপ্লিকেশন সফটওয়্যার (ওয়ার্ড প্রসেসিং, পাওয়ার পয়েন্ট, স্প্রেডশীট ও ডাটাবেজ ইত্যাদি) ব্যবহারে দক্ষ হতে হবে।

- উল্লিখিত পদসমূহে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হবে।
- প্রার্থীদের মহাপরিচালক, পাওয়ার সেল, বিদ্যুৎ ভবন (১৪ তলা), ১, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০ বরাবর আবেদন করতে হবে। পূর্ণ জীবন বৃত্তান্ত এবং সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি সত্যায়িত ছবি, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা এবং নাগরিকত্ব সনদের সত্যায়িত অনুলিপিসহ আবেদনপত্র আগামী ১০/০১/২০২১ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর নিকট পৌঁছাতে হবে। উক্ত সময়ের পর প্রাপ্ত আবেদনপত্র কোনক্রমেই বিবেচনা করা হবে না।
- ১০/০১/২০২১ তারিখে প্রার্থীর বয়স ৩০ (ত্রিশ) বছরের মধ্যে হতে হবে।
- সরকারি/আধা-সরকারি প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- প্রাপ্ত আবেদনপত্রসমূহ প্রাথমিক বাছাইয়ে শুধুমাত্র উপযুক্ত প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হবে।
- পাওয়ার সেলের প্রকল্পে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে বয়স, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা শিথিলযোগ্য বলে বিবেচিত হবে।
- পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- কোন প্রকার ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে। অসম্পূর্ণ/ত্রুটিযুক্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।
- পদসংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(মোঃ মঞ্জুরুল আলম)
উপ-পরিচালক

